গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১অধিশাখা

**বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির সমন্বয়েমে/২০১৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. আহমদ কায়কাউস<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | : | ১৪-০৬-২০১৫খ্রিঃ |
| সভার সময় | : | সকাল ১১.০০ টা। |
| সভার স্থান | : | বিদ্যুৎ ভবনস্থ মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট ‘ক’ |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি বিদ্যুৎ সপ্তাহ পালন সম্পর্কে আলোচনা করেন। বিদ্যুৎ সপ্তাহ-২০১৫ পালন উপলক্ষে যথাশীঘ্র প্রস্তুতিমূলক সভা করার পরামর্শ প্রদান করেন। এ ছাড়া বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্রের Hall of Fameবুকিং দেয়ার লক্ষ্যে পত্র প্রেরণের জন্য পরামর্শ প্রদান করেন। সভায় সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে এ বিষয়ে প্রস্তুতি গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত-সচিব (প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এতে কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

## আলোচ্যসূচি-০২ Annual Performance Agreement

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| গত ০৯-০৩-২০১৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে বিদ্যুৎ বিভাগেরAnnual Performance Agreement স্বাক্ষরিতহয়। তার ধারাবাহিকতায় গত ১৩-০৪-২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগের সাথে আওতাধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানির Annual Performance Agreement স্বাক্ষরিতহয়েছে।১লা জুলাই/২০১৫ তারিখ ২০১৫-১৬ অর্থবছরের Annual Performance Agreement স্বাক্ষরের লক্ষ্যে আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে APA চুড়ান্ত করার জন্য পাওয়ার সেলকে নির্দেশনা দেয়া হয়। সকল সংস্থা/কোম্পানিকে উর্ধ্বতন হতে নিম্ন পর্যন্ত সকল কর্মকর্তার সাথে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতঃ Annual Performance Agreement স্বাক্ষর করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিকে Annual Performance Agreementএর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত যথবযথ পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। দপ্তর/সংস্থা/কোম্পানিকে Annual Performance Agreementএর সকল Indicator এরলক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং অগ্রগতি নির্ধারিত ছক প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশনা অনুরোধ করা হয়। | **(ক)**সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে Annual Performance Agreement এরসকল Indicator এরলক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং অগ্রগতি নির্ধারিত ছকে প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে। **(খ)** পাওয়ার সেলকে আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে ২০১৫-১৬ অর্থ বৎসরের Annual Performance Agreement চুড়ান্ত করতে হবে। **(গ)** সকল সংস্থা/কোম্পানি উর্ধ্বতন হতে নিম্ন পর্যন্ত সকল কর্মকর্তার সাথে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতঃ Annual PerformanceAgreement স্বাক্ষর করবে এবং এ সংক্রান্ত তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। | সকল সংস্থা/ কোম্পানি। |

## আলোচ্যসূচি-০৩নতুন বিদ্যুৎসংযোগ

বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির শ্রেণিওয়ারী নতুন সংযোগের তথ্যঃ (মে/২০১৫)

| সংস্থা/ কোম্পানি | বিবেচ্য মাসের | | ২০০৯ সাল হতে | | | | বিবেচ্য মাসে বরাদ্দকৃতলোড (কিলো ওয়াট) | সব আবেদন সংযোগ দিলে লোডের প্রয়োজন হবে ( কিলোওয়াট) | বিবেচ্য মাসে গ্রাহকপর্যায়ে বসানো সোলার প্যানেল (ওয়াট পিক) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রাপ্ত আবেদন | নতুনসংযোগ প্রদান (বিভিন্ন শ্রেণীর) | বিবেচ্য মাসের পূর্বের পেন্ডিং আবেদন | মোট আবেদন | মোটসংযোগ প্রদান (বিভিন্ন শ্রেণীর) | মোট পেন্ডিং আবেদন | | | |
| বিউবো | ২৩৪৭১ | ১৯৮৬০ | ২৭৭৪২ | ১২১৫৬১১ | ১১৮৪২৫৮ | ৩১৩৫৩ | ৯৯৩০০ | ৫৪৫৭০ | ১১৪২২৫ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বাপবিবো | ১৪০৯২৩ | ৩০৫৪৪৬ | ৮২০৫১৩ | ৪৯০২০০৬ | ৪২৪৬০১৬ | ৬৫৫৯৯০ | ২৪৮৭৮১ | ১৩১৮৬৬০ | ২৪০৯১৭৫ |
| ডেসকো | ৫৭৭৬ | ৬৩৯৮ | ৩৬৫১ | ৩২৩৭৭৮ | ৩২০৭৪৯ | ৩০২৯ | ১৯৯৯৩ | ২৫২১৮ | ৩৪ |
| ডিপিডিসি | ২০৬০ | ২৮৩৫ | ৩২৬৮ | ২৫১৭৮৭ | ২৪৯২৯৪ | ২৪৯৩ | ১৪৯৩৬ | ৪১৯৩৬ | ৫৬০ |
| ওজোপাডিকো | ৪৩৯০ | ৪৯৮৩ | ১৪৩২৩ | ৩২৪৭৩০ | ৩১১০০০ | ১৩৭৩০ | ১২৫৮৬ | ১১০৮৮ | ২০ |
| মোট | ১৭৬৬২০ | ৩৩৯৫২২ | ৮৬৯৪৯৭ | ৭০১৭৯১২ | ৬৩১১৩১৭ | ৭০৬৫৯৫ | ৩৯৫৫৯৬ | ১৪৫১৪৭২ | ২৫২৪০১৪ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি হতে অনলাইনে প্রাপ্ত শ্রেণিওয়ারী নতুন বিদ্যুৎ সংযোগের তথ্য সম্পর্কে সভায় আলোচনা করা হয়। বিদ্যুৎ সংযোগ প্রদান অব্যাহত রাখার জন্য সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিকে নির্দেশনা প্রদান করা হয়। পবিবোর সাথে যে সকল সংস্থা/কোম্পানির লাইন নিয়ে সমস্যা আছে তা পারস্পারিক আলোচনার মাধ্যমে সমাধান করার জন্য পরামর্শ দেয়া হয়। এ ছাড়া সঞ্চালন ও ডিস্ট্রিবিউশন সিস্টেম উন্নত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। শিল্প কারখানায় বিদ্যুৎ সংযোগের জন্য প্রাপ্ত আবেদন ও লোড সংক্রান্ত তথ্য বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) বরাবর প্রেরণের জন্য সকল বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানিকে পরামর্শ প্রদান করা হয়। সোলার প্যানেল স্থাপন বিষয়ে পৃথক সভা করার জন্য সংস্থা/ কোম্পানি প্রধান সভাকে অনুরোধ জানান। | **(ক)** পবিবোর সাথে যে সকল সংস্থা/কোম্পানির লাইন নিয়ে সমস্যা আছে তাদেরকে পারস্পারিক আলোচনার মাধ্যমে সমাধান করতে হবে।<br><br>**(খ)** সকল বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানি শিল্প কারখানায় বিদ্যুৎ সংযোগের জন্য প্রাপ্ত আবেদন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) বরাবর প্রেরণ করবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ/সকল বিদ্যুৎ উৎপাদন ওবিতরণকারী সংস্থা/ কোম্পানিপ্রধান। |

## আলোচ্যসূচি-০৪ISO – 9001

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| বিদ্যুৎ বিভাগের সংস্থা/কোম্পানিসমূহের ISO – 9001সার্টিফিকেশন বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত তথ্য নিম্নরুপঃ,<br>বিউবোঃ ISO-9001 সার্টিফিকেট অর্জনের লক্ষ্যে Cirtification Body/Firm নিয়োগের জন্য আহবানকৃত EOI মূল্যায়ন শেষে BodShort-List Farmদ্বয়কে RFPইস্যু করা হয়েছে।পবিবোঃ i)বাপবিবোর্ড-এর সদর দপ্তরের জন্যISO-9001:2008সার্টিফিকেট অর্জন করা হয়েছে। ii) ISO-18001:2007এবংISO-14001:2004অর্জনের লক্ষ্যেEOIমূল্যায়ন করা হয়েছে।আগামী২০জুলাই, ২০১৫খ্রিঃতারিখেরমধ্যেকনসালটেন্টনিয়োগকরাযাবে।কয়েকটি পল্লীবিদ্যুৎসমিতির ISO-9001:2008সার্টিফিকেটঅর্জনের ব্যবস্থা নেয়া হয়েছে ডিপিডিসিঃ ISO-9001সার্টিফিকেশন অর্জনের লক্ষ্যে তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিভিন্ন নির্দেশনার সংকলন প্রস্তুতকরণসহ যাবতীয় কাজ চলমান। ডেসকোঃ বর্তমানে ISO-9001-2008 (Quality Management Development)এর কনসালটেন্ট নিয়োগ করা হয়েছে ও অন্যান্য কাজ চলছে। ওজোপাডিকোঃ ISO-18001 সার্টিফিকেশন অর্জনের লক্ষ্যে SGS প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। এপিএসসিএলঃISO-9001 & OHSAS-18001 ও Documentation সম্পন্ন হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান আছে। পিজিসিবিঃ ইতোমধ্যে ISO – 9001সার্টিফিকেশন অর্জন করা হয়েছে। নওপাজেকোঃISOসার্টিফিকেট অর্জনের জন্য প্রয়োজনীয় উদ্যেগ গ্রহণ করা হয়েছে। ইজিসিবিঃISO-9001:2008 QUALITY MANAGEMENT SYSTEMবাস্তবায়নের লক্ষ্যে পরামর্শক নিয়োগ করা হয়েছে। আরপিসিএলঃISO সদন প্রাপ্তির লক্ষ্যে Consulting Firmনিয়োগের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ডিসেম্বর/২০১৫ এর মধ্যে ISOসনদ পাওয়া যাবে। | সকল সংস্থা/কোম্পানি দ্রুত ISO – 9001ও ISO–18001সার্টিফিকেশন অর্জনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করবে। | সকল সংস্থা/ কোম্পানি। |

**আলোচ্যসূচি-০৫ পরীবাগ-এ বিদ্যুৎ ভবন নির্মাণ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| পরীবাগ, ঢাকায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ডিপিডিসির যৌথ উদ্যোগে বহুতল ভবন নির্মাণ বিষয়ে সভায় আলোচনা হয়। বিউবো সভায় জানায় যে,৭টি উপদেষ্টা প্রতিষ্ঠানের অনুকূলে গত ২৬-০২-২০১৫ তারিখে RFP ইস্যু করা হয়। ইতোমধ্যে গত ১০-০৩-২০১৫ তারিখে উপদেষ্টা প্রতিষ্ঠনসমহের প্রতিনিধিগণের উপস্থিতিতে Pre-proposal meeting অনুষ্ঠিত হয়। ড. আহমদ কায়কাউস, অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ উক্ত Pre-proposal meeting–এ সভাপতিত্ব করেন। পরবর্তী কার্যক্রম চলমান আছে। এমডি, ডিপিডিসি জানান যে, বিদ্যমান উপকেন্দ্রসহ ২৩০ কেভি উপকেন্দ্র এবং ভবন নির্মাণ সংক্রান্ত সভার অন্যান্য সিদ্ধান্ত প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। ভবন নির্মাণে যাবতীয় ব্যয় বিউবো এবং ডিপিডিসি সমহারে বহন করবে। এ ছাড়া বিদ্যমান উপকেন্দ্রসহ ২৩০ কেভি উপকেন্দ্র এবং ভবন নির্মাণ সংক্রান্ত সভার অন্যান্য সিদ্ধান্ত প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। | ঢাকাস্থ পরীবাগে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ডিপিডিসির যৌথ উদ্যোগে বহুতল ভবন নির্মাণ বিষয়ে অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ-এর তত্ত্বাবধানে বিউবো এবং ডিপিডিসি সমন্বিতভাবে কাজ করবে। | অতিরিক্ত-সচিব, বিদ্যুৎ বিভাগ/চেয়ারম্যান, বিউবো এবং ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি। |

**আলোচ্যসূচি-০৬ সিষ্টেম লস**

(১) বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির আমদানীর ভিত্তিতে বিতরণ সিষ্টেম লস এর বর্তমান অবস্থা নিম্নরূপঃ (এপ্রিল/২০১৫)

| সংস্থা/কোম্পানি | প্রকৃত লস | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | গত অর্থ বৎসরের অর্জন (%) | চলতি অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা (%) | গত অর্থ বৎসরের চলতি মাসে (%) | গত অর্থ বৎসরের চলতি মাস পর্যন্ত (%) | চলতি অর্থ বৎসরের চলতি মাসে (%) | চলতি অর্থ বৎসরের চলতি মাস পর্যন্ত (%) |
| বিউবো | ১১.৮৯ | ১১.৭৫ | ১২.৯৯ | ১১.৭৫ | ৮.৬০ | ১০.৯১ |
| বাপবিবো | ১৩.৭২ | ১৩.০০ | ১৫.১২ | ১৩.৪৯ | ১০.০০ | ১২.৩১ |
| ডেসকো | ৮.৪৩ | ৮.৪০ | ১৩.১৮ | ৮.০৫ | ১১.০৩ | ৭.৫৬ |
| ডিপিডিসি | ৮.৯৯ | ৯.৫০ | ৮.৭১ | ৮.৪০ | ৯.২১ | ৮.৭৩ |
| ওজোপাডিকো | ১০.৯৭ | ১০.৮০ | ১২.১৬ | ১১.১৩ | ১০.১৮ | ১০.১১ |

(২) সামগ্রিক সিষ্টেম লস (সঞ্চালন ও বিতরণ)(এপ্রিল/২০১৫)

| | নিট উৎপাদন বা গীডের মাধ্যমে সঞ্চালনকৃত ইউনিট | ডিপিডিসি ১৩২ কেভি ও অন্যান্য ৪টি ৩৩ কেভি বিতরণ পর্যায়ে প্রাপ্ত ইউনিট (আইপিপি ছাড়া) | সঞ্চালন লস | গ্রীডের মাধ্যমে সঞ্চালনকৃত ইউনিট + হইলিং বর্হিভূত ইউনিট | ডিপিডিসির ১৩২ কেভি ও অন্যান্য ৪টি সংস্থার ৩৩ কেভি বিতরণ পর্যায়ে মোট আমদানি (আইপিপিসহ) | বিক্রিত ইউনিট | বিতরণ লস | মোট লস (স ও বি) |
|---|---|---|---|---|---|---|---|---|
| বর্তমান মাস | ৩৪৭৫.১৭০ | ৩৩৭৪.৯০৮ | ২.৮৯ | ৩৭৭৭.০১০ | ৩৬৭৬.৭৪৮ | ৩৩২১.৯৯০ | ৯.৬৫ | ১২.০৫ |
| বিগত বছরের এই মাসে | ৩৭৭৮.২৭০ | ৩৬৭৩.০৭১ | ২.৭৮ | ৪১৬০.৬৯৮ | ৪০৫৫.৪৯৯ | ৩৫১৬.০৬২ | ১৩.৩০ | ১৫.৪৯ |
| চলতি অর্থ বছর (চলতি মাস পর্যন্ত) | ৩৩১১৩.০৮০ | ৩২২০০.১৫৪ | ২.৭৬ | ৩৬৯৯৮.৪৯৮ | ৩৬০৮৫.৫৭২ | ৩২১৮২.৮৮৭ | ১০.৮২ | ১৩.০২ |
| বিগত অর্থ বছরর (এই মাস পর্যন্ত) | ৩০৬৭৯.২৯০ | ২৯৮৪২.৬৬৭ | ২.৭৩ | ৩৪০৬৪.৬৬৯ | ৩৩২২৮.০৪৬ | ২৯৩৫২.৯৭৯ | ১১.৬৬ | ১৩.৮৩ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| বিভিন্ন সংস্থা/কোম্পানির সিষ্টেম লস সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনান্তে দেখা যায় যে, এপ্রিল/২০১৫ মাসে বিউবোর লক্ষ্যমাত্রা ১১.৭৫% এর বিপরীতে অর্জন ১১.৯১%, পবিবোর লক্ষ্যমাত্রা ১৩.০০% এর বিপরীতে অর্জন ১২.৩১%, ডিপিডিসির লক্ষ্যমাত্রা ৯.০০% এর বিপরীতে অর্জন ৮.৭৩%, ডেসকোর লক্ষ্যমাত্রা ৮.৪০% এর বিপরীতে অর্জন ৭.৫৮% এবং ওজোপাডিকোর লক্ষ্যমাত্রা ১০.৮০% এর বিপরীতে অর্জন ১০.১১%। বিদ্যুৎ খাতের সামগ্রিক বিতরণ লসের লক্ষ্যমাত্রা ১১.৪৫% এর বিপরীতে অর্জন ১০.৮২%, সঞ্চালন লসের লক্ষ্যমাত্রা ২.৭০% এর বিপরীতে অর্জন ২.৭৬% এবং সামগ্রিক সঞ্চালন ও | **(ক)**বিতরণ সিষ্টেম লস অনতিবিলম্বে Single Digit–এ নামিয়ে আনার লক্ষ্যে স্মার্ট গ্রিড বাস্তবায়ন ও প্রিপেইড মিটার স্থাপন এবং Bulk Consumerদের Prepaid Meter এর আওতায় আনতে হবে।<br>**(খ)**প্রি-পেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তার বাস্তবায়ন অগ্রগতি ছকে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে। পাওয়ার সেল এ সংক্রান্ত ছক প্রস্তত করে | সংশ্লিষ্ট সংস্থা/ কোম্পানি/ যুগ্ম প্রধান/ মহাপরিচালক পাওয়ার সেল। |

| | | |
|---|---|---|
| বিতরণ লসের লক্ষ্যমাত্রা ১৩.৭৫% এর বিপরীতে অর্জন ১৩.০২%। এপ্রিল/২০১৫ মাসে বিদ্যুৎ বিতরণ খাতের পাঁচটি সংস্থা/কোম্পানির মধ্যে সকল সংস্থা/কোম্পানি সিস্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জন করেছে। বিদ্যুৎ বিভাগের আওতাধীনপাঁচটি সংস্থা/কোম্পানির মধ্যে সকল সংস্থা/কোম্পানি সিস্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জন করায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>সকল সংস্থা/কোম্পানিকে সিস্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। বিতরণ সিস্টেম লস অনতিবিলম্বে Single Digit–এ নামিয়ে আনার জন্য পরামর্শ প্রদান করনে। প্রি-পেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তার বাস্তবায়ন অগ্রগতি ছকে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। এ সংক্রান্ত ছক প্রস্তত করে সংস্থা/কোম্পানিতে প্রেরণ করার জন্য পাওয়ার সেলকে নির্দেশনা প্রদান করা হয়। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব Prepaid Meterস্থাপনের অগ্রগতি পর্যালোচনার জন্য একটি সভা করবেন। সকল Prepaid Meter প্রকল্পের প্রকল্প পরিচালকদের উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশনা দেয়া হয়। | সংস্থা/কোম্পানিতে প্রেরণ করবে।<br>(গ)প্রি-পেইড মিটার স্থাপনের অগ্রগতি পর্যালোচনা এবং প্রকল্প বাস্তবায়ন গতিশীলতা আনয়নের জন্য অতিরিক্ত সচিব একটি সভা করবেন। সভায় সংশ্লিষ্ট সকল সংস্থার প্রতিনিধি এবং সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালকগণ উপস্থিত থাকবেন। | |

## আলোচ্যসূচি-৭বকেয়া বিদ্যুৎ বিল আদায়

(১) বিভিন্ন সংস্থার বকেয়া বিদ্যুৎ বিল আদায় সংক্রান্ত তথ্য(মার্চ/২০১৫)নিম্নরুপঃ (কোটি টাকায়)

| সংস্থা/ কোম্পানি | গত মাস পর্যন্ত বকেয়া | বিবেচ্য মাসে বকেয়া | মোট বকেয়া | বিবেচ্য মাসে আদায় | বিবেচ্য মাস পর্যন্ত বকেয়া | এই অর্থ বৎসরের লক্ষ্যমাত্রা | বিবেচ্য মাস পর্যন্ত অর্জন (সমমাস) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিউবো | ১৩৩৯.৭৯ | ৫৬৪.২৭৫ | ১৯০৪.০৬৫ | ৪৪০.০৩৬ | ১৪৬৪.০৩ | ২.৩৪ | ৩.১৮ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| বাপবিবো | ১৪৩৬.২৯ | ৯৩৪.০০৬ | ২৩৭০.২৯৬ | ৮৬৯.৩২৪ | ১৫০০.৯৭ | ১.৫৬ | ১.৭৩ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| ডেসকো | ৩৯৫.৮৮ | ২২১.৭৫৮ | ৬১৭.৬৩৮ | ১৯৯.৮১২ | ৪১৭.৮৩ | ২.০২ | ১.৭৩ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ডিপিডিসি | ৮০২.৫৩ | ৩৮৬.৪০১ | ১১৮৮.৯৩১ | ৩২৩.০৮৯ | ৮৬৫.৮৪ | ২.৬১ | ২.২৭ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| ওজোপাডিকো | ২৭৯.৩৫ | ১১৮.৭৩৮ | ৩৯৮.০৮৮ | ৯৮.৯৫০ | ২৯৯.১৩ | ২.৪৯ | ২.৫৪ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। |
| | | | মোট | | ৪৫৪৭.৮ | | | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক) সভায় বকেয়া বিদ্যুৎ বিল আদায় বিষয়ে আলোচনা হয়। প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায়, সংস্থাসমূহের ফেব্রুয়ারি/২০১৫ পর্যন্ত সামগ্রিক বকেয়ার পরিমান ছিল ২.০৮ সমমাস যা বৃদ্ধি পেয়ে মার্চ/২০১৫ পর্যন্ত ২.২০ সমমাসে দাঁড়িয়েছে। আলোচ্য মাসে বিউবো, পবিবো এবং ওজোপাডিকোবকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে বিউবো, পবিবো এবং ওজোপাডিকোকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেয়া হয় এবং অন্যান্য কোম্পানিকে বকেয়া আদায়ে লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হয়। বাজেট বরাদ্দের সময় বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হয় । বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিলের জন্য বরাদ্দকৃত অর্থ/বকেয়ার অর্থ বিদ্যুৎ বিভাগে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগে পত্র দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়।<br>(খ) সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি হতে | (ক)সকল বিতরণ সংস্থা/কোম্পানি সরকারী সংস্থা বা অফিসের নিকট বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন ও বকেয়া আদায়ের চেষ্টা অব্যাহত রাখবে।<br>(খ) ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন লিঃ এর মোবাইল কোর্ট পরিচালনা জন্য অপর একজন ম্যাজিস্টেট পদায়ন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(গ) বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিলের জন্য বরাদ্দকৃত টাকা বিদ্যুৎ বিভাগে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগে পত্র দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়।<br>(ঘ) সকল সংস্থা/কোম্পানি মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা বৃদ্ধি করবে এবং এ সংক্রান্ত তথ্য বিদ্যুৎ বিভাগে নিয়মিত প্রেরণ করবে।<br>(ঙ) বাজেট বরাদ্দের সময় বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ | অতিরিক্ত-সচিব (সমন্বয়)/সিনিয়র তথ্য কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, দপ্তর/সংস্থা/ কোম্পানিপ্রধানগণ এবং পাওয়ার সেল। |

| | | |
|---|---|---|
| মে/২০১৫ মাসের মোবাইল কোর্টের তথ্য পাওয়া গিয়েছে। প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, ডিপিডিসি ব্যতীত অন্যান্য সংস্থা/কোম্পানি বিবেচ্য মাসে মোবাইল কোর্ট পরিচালনা করেছে। ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন লিঃ এর মোবাইল কোর্ট পরিচালনা জন্য আরো ম্যাজিস্টেট পদায়ন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা দেয়া হয়। আটকে পড়া পাকিস্তানীদের কলোনীতে বিপুল পরিমান বিদ্যুৎ বিল বকেয়া থাকায় তা আদায়ে লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভা করতে হবে। এ লক্ষ্যে বকেয়ার তথ্য সংস্থা/কোম্পানি বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। | করতে হবে।<br><br>(চ) আটকে পড়া পাকিস্তানীদের কলোনীর বিপুল পরিমান বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে অতিরিক্ত সচিব (সমন্বয়) –এর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা করতে হবে। সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানি বকেয়ার তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। | |

(২) দপ্তর/সংস্থা/কোম্পানির মোবাইল কোর্ট পরিচালনার তথ্যঃ (মে/২০১৫)

| সংস্থা/কোম্পানি | মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা | সাজা প্রদানের সংখ্যা | জরিমানা পরিমানা (টাকা) |
|---|---|---|---|
| বিউবো | ৭৬ | ৭ | ৫৯৭৯৫৯১ |
| বাপবিবো | ২০৩ | ১১ | ২৭৫৫৭৫৫ |
| ডেসকো | ২ | ১ | ২০০০০ |
| ডিপিডিসি | ০ | ০ | ০ |
| ওজোপাডিকো | ৯ | ৩ | ৫৩৪৮২২ |
| মোট | ২৯০ | ২২ | ৯২৯০১৬৮ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (গ) সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের তথ্য পর্যালোচনান্তে দেখা যায় যে, সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানি বিবেচ্য মাসে অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করেছে। সকল সংস্থা/কোম্পানিকে অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের কার্যক্রম আরো জোরদার করার নির্দেশনা প্রদান করা হয়। | (ছ) সকল সংস্থা/কোম্পানি অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের কার্যক্রম আরো জোরদার করবে এবং অবৈধ সংযোগ বিচ্ছিন্নের তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। | সকল সংস্থা/ কোম্পানি। |

(৩) দপ্তর/সংস্থা/কোম্পানির অবৈধ সংযোগ বিচ্ছিন্নের তথ্যঃ (মে/২০১৫)

| সংস্থা/কোম্পানি | বকেয়ারজন্য বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা | অবৈধসংযোগ বিচ্ছিন্নের সংখ্যা | বিচ্ছিন্নকৃতসংযোগের বিপরীতে বকেয়ার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| বিউবো | ৯,৮৪২ | ২৫৮ | ১,৬৯,৩০,০০০ | |
| বাপবিবো | ৩৯,৫৮৯ | ১,১০৩ | ৩০,৯০,৯৬,৮২৩ | |
| ডেসকো | ৪,৬৩৩ | ২৮৭ | ১৩,৪০,৬৭,০৩৮ | |
| ডিপিডিসি | ৫,০৯৫ | ৭৮ | ৮২,৫৮,০০,০০০ | |
| ওজোপাডিকো | ৪,০১৬ | ৭৫ | ৪,৭২,৭২,০০০ | বকেয়া আদায়=১৬৭১৪০০০ |
| মোট | ৬৩,১৭৫ | ১,৮০১ | ১৩৩,৩১,৬৫,৮৬১ | |

**আলোচ্যসুচি-০৮ আন্তঃসংস্থা দেনা-পাওনা**

বিদ্যুৎ বিলের আন্তঃসংস্থা দেনা-পাওনা সংক্রান্ত তথ্য : (কোটি টাকায়) (মার্চ/২০১৫)

| পাওনাদার সংস্থা/ কোম্পানি | দেনাদার সংস্থা/ কোম্পানি | পূর্বের জের | পূর্বের মাসে পাওনা/ বিল | বিবেচ্য মাসে পাওনা/ বিল | মোট পাওনা | পূর্বের মাসে আদায় | বিবেচ্য মাসে আদায় | মোট আদায় | বর্তমানে মোট বকেয়া | বর্তমান বকেয়া |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিউবো | বাপবিবো | ১৯৯৭.৩৭ | ৬৮০.২৬ | ৫৬৯.৩৪ | ৩২৪৬.৯৭ | ৫২৩.৯১ | ৫৩৩.১১ | ১০৫৭.০২ | ২১৮৯.৯৫ | ৯৪০.৩৫ |
| | ডেসকো | ৬১৯.৬৪ | ১৯৫.১২ | ২০৫.৭৪ | ১০২০.৫ | ১৩৭.৫৬ | ১৯৫.১২ | ৩৩২.৬৮ | ৬৮৭.৮২ | ২৮৬.৯৬ |
| | ডিপিডিসি | ১৬১০.৯৪ | ৩৭২.১৫ | ৩৫৬.৯১ | ২৩৪০ | ৪০০.৪৪ | ২৫৮.৯৩ | ৬৫৯.৩৭ | ১৬৮০.৬৩ | ৯৫১.৫৭ |
| | ওজোপাডিকো | ১৬৭.৫১ | ৯৪.৮৫ | ৯৮.৯৯ | ৩৬১.৩৫ | ৭৭.৪৫ | ৭৩.৫২ | ১৫০.৯৭ | ২১০.৩৮ | ১৬.৫৪ |
| | ডেসা | ২৮০৪.৭৮ | ০.০০ | ০.০০ | ২৮০৪.৭৮ | ০.০০ | ০.০০ | ০ | ২৮০৪.৭৮ | ২৮০৪.৭৮ |
| পিজিসিবি | বিউবো | ৪১.৬২ | ১৪.১২ | ১৭.৯৯ | ৭৩.৭৩ | ৪১.৬২ | ০.০০ | ৪১.৬২ | ৩২.১১ | ০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | বাপবিবো | ৬৪.০৭ | ২৯.০২ | ৩৭.১৭ | ১৩০.২৬ | ২৪.৬৭ | ৩০.০৩ | ৫৪.৭ | ৭৫.৫৬ | ৯.৩৭ |
| | ডেসকো | ১২.১৯ | ৫.৮৩ | ৮.২৭ | ২৬.২৯ | ৫.৯৭ | ৫.৯১ | ১১.৮৮ | ১৪.৪১ | ০.৩১ |
| | ডিপিডিসি | ৪১.৭৩ | ১০.১৮ | ১৪.১৮ | ৬৬.০৯ | ১১.৮৮ | ১৩.২২ | ২৫.১ | ৪০.৯৯ | ১৬.৬৩ |
| | ওজোপাডিকো | ১১.৬২ | ৩.৬০ | ৪.৬৩ | ১৯.৮৫ | ৩.৮৬ | ৩.৮৩ | ৭.৬৯ | ১২.১৬ | ৩.৯৩ |
| | ডেসা | ১৪.০৮ | ০.০০ | ০.০০ | ১৪.০৮ | ০.০০ | ০.০০ | ০ | ১৪.০৮ | ১৪.০৮ |
| | | | | | | | | মোট | ৭৭৬২.৮৭ | ৫০৪৪.৫২ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ফেব্রুয়ারি/২০১৫ পর্যন্ত আন্তঃসংস্থা দেনা পাওনার পরিমান ছিল ৭৩৬০.২৮০ কোটি টাকা যা মার্চ/২০১৫ মাস পর্যন্ত বৃদ্ধি পেয়ে ৭৭৬২.৮৬০ কোটি টাকায় দাঁড়িয়েছে।আন্তঃসংস্থা দেনা-পাওনা হ্রাস করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।সভায় বিউবো কর্তৃক ডেসার নিকট বকেয়া ২৮০৪ কোটি টাকার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত বকেয়া পাওনার বিষয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে গঠিত কমিটিকে সভা আহবানের জন্য পরামর্শ প্রদান করা হয়। বিউবোর সদস্য (অর্থ)-কে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়। | (ক)আন্তঃসংস্থা দেনা-পাওনা হ্রাস করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(খ) বিউবো কর্তৃক ডেসার নিকট বকেয়া ২৮০৪ কোটি টাকার পাওনার বিষয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে গঠিত কমিটিকে সভা আহবান করতে হবে। বিউবোর সদস্য (অর্থ) এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | অতিরিক্ত সচিব/<br>যুগ্ম-সচিব (কোম্পানি এ্যাফেয়ার্স), বিদ্যুৎ বিভাগ/সংস্থা/কোম্পানি ও<br>সদস্য (অর্থ), বিউবো। |

## আলোচ্যসূচি-০৯ওভারলোডেড ট্রান্সফর্মার

ওভারলোডেড ট্রান্সফর্মারের বিগত মাসের সাথে বিবেচ্য মাসের তুলনামূলক তথ্যঃ (মে/২০১৫)

| সংস্থার নাম | মোট স্থাপিত ট্রান্সফর্মার | | ওভারলোডেড ট্রান্সফর্মার | | | | | ট্রান্সফর্মার পুড়েগেছে | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | গত মাস | | চলতি মাস | | গত মাসের তুলনায় পরিবর্তন (% ) | গত মাস | | চলতি মাস | | গত মাসের তুলনায় পরিবর্তন (% ) |
| | ট্রান্সফর্মারের সংখ্যা | মোট ক্ষমতা (কেভিঃ) | ট্রান্সফর্মারের সংখ্যা | মোট ক্ষমতা (কেভিঃ) | ট্রান্সফর্মারের সংখ্যা | মোট ক্ষমতা (কেভিঃ) | | ট্রান্সফর্মারের সংখ্যা | মোট ক্ষমতা (কেভিঃ) | ট্রান্সফর্মারের সংখ্যা | মোট ক্ষমতা (কেভিঃ) | |
| বিউবো | ২০১৮৩ | ৩৩২৮২৪০ | ১৭২৭ | ৩১০৩০০ | ১৬৬৭ | ২৯৮৮৫০ | -৩.৪৭ | ১৩ | ২২৫০ | ১৯ | ২৮৫০ | ৪৬.১৫ |
| বাপবিবো | ৭১৯০৬২ | ৯৯৩২৬৯৮ | ৫৪১৬৫ | ৬৯০২৭৩ | ৫৩৪৬০ | ৬৮৮৫২১ | -১.৩০ | ৫৯১৯ | ৭৮১৭৫ | ৫৫৩০ | ৭৩৫৯০ | -৬.৫৭ |
| ডেসকো | ৫৯১৭ | ১০৪১৪০৬ | ৬ | ১২০০ | ১৭ | ৩৪০০ | ১৮৩.৩৩ | ২৫ | ৫০০০ | ২৪ | ৪৮০০ | -৪.০০ |
| ডিপিডিসি | ১০২২৭ | ২০২৯৭০০ | ৪৬৪ | ৯২৯০০ | ৪০৬ | ৮১৩০০ | -১২.৫০ | ৮৫ | ১৭০০০ | ৭৫ | ১৫০০০ | -১১.৭৬ |
| ওজোপাডিকো | ৫৮৭৯ | ৯৮৫০৫০ | ৭১৮ | ১১০৫০৫ | ৬৩৭ | ৯৮৭৫০ | -১১.২৮ | ২১ | ৩৫০০ | ২০ | ৩৮০০ | -৪.৭৬ |
| মোট | ৭৬১২৬৮ | ১৭৩১৭০৯৪ | ৫৭০৮০ | ১২০৫১৭৮ | ৫৬১৮৭ | ১১৭০৮২১ | | ৬০৬৩ | ১০৫৯২৫ | ৫৬৬৮ | ১০০০৪০ | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক) ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় ওভারলোডেড এবং পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের শতকরা হার উল্লেখ করার জন্য নির্দেশনা দেয়া হয়। ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। ট্রান্সফর্মার পুড়ে যাওয়া রোধ করার উদ্দেশ্যে বিদ্যুৎ বিভাগ থেকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য পরামর্শ দেয়া হয়। কারও অবহেলার জন্য ট্রান্সফর্মার পুড়ে গেলে তার কারণ নির্ণয় ও দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কোম্পানির প্রধানগণকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির Transformer-এর Standard Specification-এর জন্য গঠিত কমিটিকে এ মাসেই সভা করার জন্য পরামর্শ দেয়া হয়। | (ক)ওভারলোডেড ট্রান্সফর্মার পরিবর্তনের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখতে হবে।<br>(খ) ট্রান্সফমারের পুড়ে যাওয়ারোধ করার উদ্দেশ্যে জারীকৃত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।<br>(গ) ট্রান্সফর্মার পুড়ে যাওয়ার কারণ নির্ণয় ও তার দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ওভারলোডেড এবং পুড়ে যাওয়া ট্রান্সফর্মারের শতকতা হার উল্লেখ করতে হবে।<br>(ঙ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির Transformer-এর Specification Standardization -এর জন্য গঠিত কমিটিকে সভা আহবান করতে হবে।<br>(চ) ট্রান্সফর্মার পুড়ে যাওয়া/বিষ্ফোরিত হওয়া | সংশ্লিষ্ট সকল সংস্থা/ কোম্পানি/ পাওয়ার সেল/ সংশ্লিষ্ট কমিটি। |

| | | |
|---|---|---|
| (গ) সভায় জানানো হয় যে, প্রযুক্তির বিকাশের সাথে সাথে ট্রান্সফর্মার প্রটেকশনের জন্য আধুনিক পদ্ধতি অনেক দেশে ব্যবহৃত হচ্ছে। বাংলাদেশেও ট্রান্সফর্মারের প্রটেকশনের জন্য আধুনিক ও প্রযুক্তি নির্ভর কোন পদ্ধতি ব্যবহার করা যায় কী-না তা পরীক্ষা করে দেখা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়। | রোধ করার জন্য আধুনিক ও প্রযুক্তি নির্ভর নতুন কোন প্রযুক্তি ব্যবহার করা যায় কী-না সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রতিবেদন দেয়ার জন্য একটি কমিটি গঠন করতে হবে। | |

## আলোচ্যসূচিঃ ১০ পেন্ডিং তালিকা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির পেন্ডিং পত্রের তালিকার বিষয়ে আলোচনা হয়। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, দপ্তর/সংস্থা/কোম্পানি হতে বিদ্যুৎ বিভাগে ও বিদ্যুৎ বিভাগ হতে দপ্তর/সংস্থা/কোম্পানিতে প্রেরিত পেন্ডিং পত্রের সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে । দপ্তর/সংস্থা/কোম্পানি হতে বিদ্যুৎ বিভাগে প্রেরিত পেন্ডিং পত্রের তালিকা সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের সাথে সংযুক্তি হিসেবে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। | (ক) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি হতে বিদ্যুৎ বিভাগে প্রেরিত পত্রের পেন্ডিং তালিকা ও বিদ্যুৎ বিভাগের শাখা/অধিশাখা হতে আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে প্রেরিত পত্রের পেন্ডিং তালিকা ছকে ও সংযুক্তি আকারে সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল শাখা/ অধিশাখা, বিদ্যুৎ বিভাগ এবং দপ্তর/সংস্থা/ কোম্পানি। |

## আলোচ্যসূচি-১১ বিদ্যুৎ সাশ্রয়

দপ্তর/সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত সোলার প্যানেল স্থাপনের তথ্যঃ(মে/২০১৫)

| সংস্থা/ কোম্পানি | বিগত মাসের পূর্বের মাস পর্যন্ত বাস্তবায়িত (কিলোওয়াট পিক) | বিগত মাসে বাস্তবায়িত (কিলোওয়াট পিক) | বর্তমান মাসে বাস্তবায়নাধীন (কিলোওয়াট পিক) | ভবিষ্যত পরিকল্পনা কিলোওয়াট পিক) |
|---|---|---|---|---|
| বিউবো | ১৩৮২.৬০৯ | ১.৮ | ১.৮ | ৬৬.৬৫১ |
| বাপবিবো | ১৩১.১৬২ | | ৫ | ৪৫০ |
| ডেসকো | ১৭৫.০৪ | ৫০ | ৫০ | ০ |
| ডিপিডিসি | ৩৪.৪ | ০০ | ০০ | ২৬৩.০০ |
| ইজিসিবি | ০.৪ | | - | ৩৬ |
| আরপিসিএল | ৪ | ০ | ০ | ৩ |
| নওপাজেকো | ৯ | ৫ | | |
| এপিএসসিএল | ৪০ | ০ | ৩৬ | ১০০ |
| ওজোপাডিকো | ১১.৩৬ | - | - | ৩.০০ |
| পিজিসিবি | ১০১.৮ | ০ | ০ | ১৪ |
| মোট | ১৮৮৯.৭৭১ | ৫৬.৮ | ৯২.৮ | ৯৩৫.৬৫১ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক) লোডশেড পরিমাপ ও লোড বরাদ্দের বিষয়ে সভায় আলোচনা হয়। অক্টোবর/২০১৪ মাসে পরিমাপকৃত লোডের তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে পাওয়ার সেল জানিয়েছে। সভায় Solar ওWind Power হতে বিদ্যুৎ জেনারেশন বৃদ্ধি করার জন্য এবং তা জাতীয় গ্রীডে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেওয়া হয়। এ বিষয়ে সংস্থা/কোম্পানিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা দেয়া হয়। সোলার চার্জিং স্টেশন স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় তথ্য প্রেরণের জন্য পদক্ষেপ নিতে হবে ও তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) সকল দপ্তর/সংস্থা/কোম্পানির নিজস্ব | (ক) লোড পরিমাপ ও লোড বরাদ্দের তথ্য যাচাইয়ের জন্য গঠিত টেকনিক্যাল কমিটি বছরের মার্চ, মে, জুলাই ও অক্টোবর মাসে লোড পরিমাপ করবে এবং যাচাই শেষে প্রতিবেদন প্রদান করবে। সর্বশেষ লোড পরিমাপের তথ্য মহাপরিচালক, পাওয়ার সেল সভায় উপস্থাপন করবে।<br>(খ) Solarও Wind Powerহতে বিদ্যুৎ জেনারেশন বৃদ্ধি করতে হবে ও তা জাতীয় গ্রিডে দেয়ার ব্যবস্থা নিতে হবে।Solar Charging Station স্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।<br>(গ) সকল দপ্তর/সংস্থা নিজস্ব অফিস/স্থাপনাসমুহে সোলার প্যানেল স্থাপন কার্যক্রম আরো বৃদ্ধি করবে | অতিরিক্ত সচিব, অতিরিক্তসচিব (উন্নয়ন/সমন্বয়), যুগ্ম-সচিব (নবাঃজ্বাঃ),বিদ্যুৎ বিভাগ/সকল দপ্তর/সংস্থা/কোম্পানি এবং পাওয়ার সেল। |

| | | |
|---|---|---|
| অফিস/স্থাপনাসমুহে সোলার প্যানেল স্থাপনের তথ্য নিয়মিত বিদ্যুৎ বিভাগে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। | এবংসোলার প্যানেল স্থাপন সংক্রান্ত প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। | |

## আলোচ্যসূচি-১২ পরিদর্শন ও গণশুনানি

**(ক)পরিদর্শন**: বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির উর্ধতন কর্মকর্তাগণের অধীনস্থ দপ্তরসমূহ পরিদর্শন বিবরণী নিম্নরূপঃ(মে/২০১৫)

| সংস্থা/কোম্পানি | কর্মকর্তার পদবী | পরিদর্শনকাল (দিন) |
|---|---|---|
| বৈদ্যুতিক উপদেষ্টার দপ্তর | বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক | ৪ |
| বিউবো | চেয়ারম্যান | ৬ |
| বাপবিবো | চেয়ারম্যান | ৪ |
| ডেসকো | ব্যবস্থাপনা পরিচালক | ৩ |
| ডিপিডিসি | ব্যবস্থাপনা পরিচালক | ৩ |
| ইজিসিবি | ব্যবস্থাপনা পরিচালক | ৮ |
| আরপিসিএল | ব্যবস্থাপনা পরিচালক | ৩ |
| নওপাজেকো | ব্যবস্থাপনা পরিচালক | ৫ |
| ওজোপাডিকো | ব্যবস্থাপনা পরিচালক | ৪ |
| পিজিসিবি | ব্যবস্থাপনা পরিচালক | ৭ |
| | মোট | ৪৭ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **(ক)** মে/২০১৫ মাসে প্রাপ্ত তথ্য পর্যালোচনান্তে দেখা যায় যে, সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধান অধীনস্থ প্রান্তিক অফিস পরিদর্শন করেছেন। সভায় সকল সংস্থাপ্রধানকে অধীনস্থ অফিস পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করার ও অধীনস্থ অফিসারদেরকে প্রান্তিক অফিস পরিদর্শন করার বিষয়ে উৎসাহ প্রদানের জন্য নির্দেশনা দেয়া হয়। পরিদর্শনের সময় সমস্যা চিহ্নিত করে তা সমাধানের ব্যবস্থা গ্রহণ করার এবং সকল বৈদ্যুতিক স্থাপনার নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সকলকে নির্দেশনা দেয়া হয়। | (ক) i) সকল সংস্থাপ্রধানকে অধীনস্থ অফিস পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করতে হবে।<br>ii)সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধান প্রতিমাসে অন্ততঃ ১টি পূর্ণাঙ্গ পরিদর্শন প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি/পাওয়ার সেল/বিদ্যুৎ বিভাগের সকল কর্মকর্তা। |

**(খ) গণশুনানি :** দপ্তর/সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত গনশুনানির তথ্যঃ(মে/২০১৫)

| সংস্থা/কোম্পানি | গনশুনানির সংখ্যা(টি) | মন্তব্য |
|---|---|---|
| বিউবো | ৯০ | |
| বাপবিবো | ৭১০ | ৪৫৫টি সমস্যার সমাধান করা হয়েছে। |
| ডেসকো | ১৬ | |
| ডিপিডিসি | ১৩৫ | |
| ওজোপাডিকো | ৪১ | |
| মোট | ৯৯২ | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **(খ)**বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিকে গণশুনানি অব্যাহত রাখায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। গণশুনানিকার্যকরকরণের লক্ষ্যে জেলা প্রশাসকের কাযালয়, উপজেলা নির্বাহী অফিসের কার্যালয় ও ইউনিয়ন পরিষদে গণশুনানি করার পরামর্শ দেয়া হয়। গণশুনানিতে জনগণের সমস্যা জেনে তা সমাধান করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। এ ছাড়া বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাগণকে মাঠ পর্যায়ে বিতরণ অফিস বিদ্যুৎ | (খ) গণশুনানি কোথায় অনুষ্ঠিত হয়েছে তার তথ্যসহ প্রতিবেদন দেয়ার জন্য সকলকে নির্দেশনা দেয়া হয়। গণশুনানিতে সমস্যা নিষ্পত্তির সংখ্যা | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি/পাওয়ার সেল/বিদ্যুৎ বিভাগের সকল কর্মকর্তা। |

| | | |
|---|---|---|
| বিভাগের কর্মকর্তাগণকে পরিদর্শনের সময় গণশুনানিতে উপস্থিত থাকার জন্য পরামর্শ দেয়া হয়। | বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে। | |

## আলোচ্যসূচি-১৩ বিদ্যুৎ সেবা সংক্রান্ত বিষয়ে জনমত যাচাই

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ডিপিডিসি, ওজোপাডিকো এবংযেকোন একটি পল্লী বিদ্যুৎ সমিতি এলাকার বিদ্যুৎ সংযোগ, লোডশেড ও বিদ্যুৎ সংক্রান্ত সেবা বিষয়ে জনমত পাওয়ার সেল এর ব্যবস্থাপনায় যাচাই করে একটি প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে দাখিল করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে পাওয়ার সেল জানিয়েছেযে, Draft Final Reportচূড়ান্তকরণের কাজ চলছে। আগামী ২০-০৬-২০১৫ এর মধ্যে এটি চুড়ান্ত হবে মর্মে পাওয়ার সেল জানিয়েছে। | ডিপিডিসি, ওজোপাডিকো এবং যে কোন একটি পল্লী বিদ্যুৎ সমিতি এলাকার বিদ্যুৎ সংযোগ, লোডশেড ও বিদ্যুৎ সেবা সংক্রান্ত বিষয়ে জনমত যাচাইজনমত যাচাই-এর প্রতিষ্ঠান দাখিলকৃত Draft Final Reportটি পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ নিতে হবে। | পাওয়ার সেল। |

## আলোচ্যসূচি-১৪ অডিট

সংস্থা/কোম্পানিসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিবরণ নিম্নরূপঃ(মে/২০১৫)

| সংস্থা/ কোম্পানি | পূর্বের অনিষ্পন্ন | বিবেচ্য মাসের নতুন অডিটআপত্তি | মোট আপত্তি | অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যমাত্রা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমান (কোটি টাকা) | অনিষ্পন্ন অডিট আপত্তি |
|---|---|---|---|---|---|---|---|
| বিউবো | ৩৫০৯ | ০ | ৩৫০৯ | ৯০ | ৫১ | ১০২২৬.৪১ | ৩৪৫৮ |
| বাপবিবো | ১১১৯ | ০ | ১১১৯ | - | ০ | ১৮৪৫.৮৪ | ১১১৯ |
| ডেসকো | ১০৭ | ০ | ১০৭ | ০১ | ০ | ১৮৭০.৭৩ | ১০৭ |
| ডিপিডিসি | ১২৩৮ | ০ | ১২৩৮ | ০০ | ৫ | ০.১৫ | ১২৩৩ |
| ইজিসিবি | ২২ | ০ | ২২ | ১ | ২ | ৮৫০.১৯ | ২০ |
| আরপিসিএল | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| নওপাজেকো | ২ | ০ | ২ | | ১ | ০.৬ | ১ |
| এপিএসসিএল | ৫৮ | ০ | ৫৮ | ২ | ০ | ৬৪২.২৩২৬ | ৫৮ |
| ওজোপাডিকো | ৫৬৭ | ০ | ৫৬৭ | - | ৭ | ০.৪৯০২ | ৫৬০ |
| পিজিসিবি | ২০৯ | ১০ | ২১৯ | ০৫ | ৫ | ৩৪.১৭ | ২১৪ |
| মোট | ৬৮৩১ | ১০ | ৬৮৪১ | ৯৯ | ৭১ | ১৫৪৭০.৮১২৮ | ৬৭৭০ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ে আলোচনা হয়। বিবেচ্য মাসে নতুন অডিট আপত্তির তুলনায় নিষ্পত্তি বেশি হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির কর্ম-পরিকল্পনা তৈরি ও লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক অডিট আপত্তি হ্রাসে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রধানকে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির বিষয়ে দ্বিপক্ষীয় সভা, ত্রিপক্ষীয় সভা করে আপত্তির সংখ্যা কমানোর ব্যবস্থা গ্রহণ এবং অডিট আপত্তি নিষ্পত্তির মাসিক লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়।সমন্বিত অডিট বিষয়ক সফটওয়ার প্রস্তুতপূর্বক দপ্তর/সংস্থা/কোম্পানিতে প্রেরণ করা হয়েছে। প্রস্তুতকৃত সফটয়ারটি আগামী ২৫-০৬-২০১৫ তারিখ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় কর্তৃক আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে বলে সভায় জানানো হয়। | (ক) দপ্তর/সংস্থা/কোম্পানির অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(খ) অডিট আপত্তি নিষ্পত্তির কর্ম-পরিকল্পনা তৈরি ও লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক অডিট আপত্তি হ্রাসে কার্যকর পদক্ষেপ নিতে হবে।<br>(গ) সংস্থাসমূহের জন্য প্রস্তুতকৃত সফটয়ারটি আগামী ২৫-০৬-২০১৫ তারিখ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় | অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ/ দপ্তর/ সংস্থা/ কোম্পানি এবং পাওয়ার সেল। |

| | | |
|---|---|---|
| | প্রতিমন্ত্রী মহোদয় কর্তৃক আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা করতে হবে। | |

### আলোচ্যসূচি-১৫ বিভাগীয় মামলা

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির বিভাগীয় মোকদ্দমা এবং তার নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নিম্নরূপঃ(মে/২০১৫)

| সংস্থা/কোম্পানি | ৩ মাসের অধিক অনিষ্পন্ন | ৬ মাসের অধিক অনিষ্পন্ন | ৯ মাসের অধিক অনিষ্পন্ন | পূর্বের পেন্ডিং | বিবেচ্য মাসে দায়ের | মোট মোকদ্দমা | বিবেচ্য মাসে নিষ্পত্তি | অনিষ্পন্ন মোকদ্দমা |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিউবো | ১৭ | ৬ | ৪২ | ৬ | ৫ | ১১ | ৮ | ৩ |
| বাপবিবো | ৫ | ২ | ৫ | ১৬ | ৩ | ১৯ | ২ | ১৭ |
| ডেসকো | ০ | ০ | ০ | ৪ | ২ | ৬ | ০ | ৬ |
| ডিপিডিসি | ২ | ১ | ১৬ | ১৯ | ১ | ২০ | ০ | ২০ |
| ইজিসিবি | ০ | ০ | ০ | -১ | ৪ | ৩ | ০ | ৩ |
| আরপিসিএল | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| এপিএসসিএল | ০ | ০ | ০ | -১ | ০ | -১ | ০ | -১ |
| ওজোপাডিকো | ৭ | ৪ | ০ | ১৬ | ০ | ১৬ | ১ | ১৫ |
| পিজিসিবি | ০ | ০ | ০ | ৩ | ১ | ৪ | ০ | ৪ |
| মোট | ৩১ | ১৩ | ৬৩ | ৬২ | ১৬ | ৭৮ | ১১ | ৬৭ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় বিভাগীয় মামলার বিবরণী নিয়ে আলোচনা করা হয়। দপ্তর/সংস্থা/কোম্পানিতে শৃঙ্খলা বজায় রাখা ও সুশাসনের জন্য শৃঙ্খলা বিরোধী কর্মকান্ডে লিপ্ত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রয়োজনবোধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়। তবে নিরপরাধ কেউ হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য ও বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তি করার জন্য নির্দেশনা দেয়া হয়। সভায় বিউবো, পবিবো ও কোম্পানিসমূহকে তাদের সবচেয়ে পুরনো পেন্ডিং বিভাগীয় মামলা নিষ্পত্তির বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | দপ্তর/সংস্থা/কোম্পানিতে শৃঙ্খলা বজায় রাখা ও সুশাসনের জন্য শৃঙ্খলা বিরোধী কর্মকান্ডে লিপ্ত কর্মকর্তা/কর্মচারীদের বিশেষভাবে নজর রাখতে হবে এবং প্রয়োজনবোধে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় বা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থা/ কোম্পানি। |

### আলোচ্যসূচি-১৬ সিভিল স্যুট

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির সিভিল স্যুটের তথ্য নিম্নরূপঃ(মে/২০১৫)

| সংস্থা/ কোম্পানি | পূর্বের পেন্ডিং | বিবেচ্য মাসে দায়ের | মোট | বিবেচ্য মাসে নিষ্পত্তি | অবশিষ্ট | গুরুত্বপূর্ণ মামলার সংখ্যা | অতিগুরুত্বপূর্ণ মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিউবো | ৪৬১ | ১ | ৪৬২ | ২ | ৪৬০ | ৬ | ৭ | |
| বাপবিবো | ১২৪ | ৪ | ১২৮ | ০ | ১২৮ | ৫ | ৪ | |
| ডেসকো | ২৯ | ০ | ২৯ | ০ | ২৯ | ২৭ | ২ | |
| ডিপিডিসি | ২৫৩ | ১ | ২৫৪ | ০ | ২৫৪ | ১৭ | ৮ | |
| আরপিসিএল | ৩ | ০ | ৩ | ০ | ৩ | ২ | ১ | |
| ওজোপাডিকো | ১৯১ | ২ | ১৯৩ | ৫ | ১৮৮ | ৩ | ১ | ওজোপাডিকোর পক্ষে ৫ টি মামলার রায় হয়েছে। |
| পিজিসিবি | ৪৪ | ০ | ৪৪ | ০ | ৪৪ | ২ | ০ | |
| মোট | ১১০৫ | ৮ | ১১১৩ | ৭ | ১১০৬ | ৬২ | ২৩ | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় সিভিল স্যুটের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে যথাযথ আইনী কার্যক্রম গ্রহণে তৎপর থাকার পরামর্শ | (ক)যে সকল মামলার রায় হয়েছে সেগুলোর মধ্যে কতটি পক্ষে এবং কতটি বিপক্ষে রায় হয়েছে তার তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে | অতিরিক্ত সচিব(প্রশাসন), দপ্তর/সংস্থা/কোম্পানি/যুগ্ম- |

| | | |
|---|---|---|
| দেয়া হয়, যাতে সংস্থা/কোম্পানির অনুকূলে রায় পাওয়া যায়। যে সকল মামলার রায় হয়েছে সেগুলোর মধ্যে কতটি পক্ষে এবং কতটি বিপক্ষে রায় হয়েছে তার তথ্য প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হয়। যে সকল মামলার রায় বিপক্ষে হয়েছে তা যাচাই করে আপিল বা বিধিমত ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়। সভায় উপস্থাপনকৃত ২৩টি অতিগুরুত্বপূর্ণ মামলার কাগজপত্র বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয় এবং এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিবকে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কোম্পানিকে নিয়ে সভা করার জন্য পরামর্শ দেয়া হয়। গুরুত্বপূর্ণ মামলার তথ্য যুগ্ম-সচিব (কোম্পানি এ্যাফেয়ার্স), বিদ্যুৎ বিভাগ এর নিকট প্রেরণের লক্ষ্যে সংস্থা/কোম্পানিতে পত্র প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হয়। | হবে।<br>(খ)সভায় সিভিল স্যুটের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে আইনী কার্যক্রম গ্রহণে তৎপর থাকতে হবে, যাতে সংস্থা/কোম্পানির অনুকূলে রায় পাওয়া যায়।<br>(গ) যে সকল মামলার রায় বিপক্ষে হয়েছে তা যাচাই করে আপিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) সভায় উপস্থাপনকৃত ২৩টি অতিগুরুত্বপূর্ণ মামলার কাগজপত্র বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে এবং অতিরিক্ত সচিব সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কোম্পানির প্রতিনিধিদের নিয়ে সভা করেবেন। | সচিব (কোঃএ্যাঃ) ও সংশ্লিষ্ট শাখা, বিদ্যুৎ বিভাগ। |

**আলোচ্যসূচি-১৭ পেনশন কেস**

বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির পেনশন কেস ও তার নিষ্পত্তির বিবরণী নিম্নরূপঃ (মে/২০১৫)

| সংস্থা/ কোম্পানি | ০৩ মাসের অধিক পেন্ডিং | ০৬ মাসের অধিক পেন্ডিং | ০১ বছরের অধিক পেন্ডিং | পূর্বের মোট পেন্ডিং | বিবেচ্য মাসে নতুন পেনশন কেস | মোট পেনশন কেস | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত পেনশন কেসের সংখ্যা | অনিষ্পন্ন পেনশন কেস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিউবো | ০ | ১ | ২ | ২০ | ১৮ | ৩৮ | ১৯ | ১৯ | |
| বাপবিবো | ০ | ০ | ১ | ১ | ৩ | ৪ | ৩ | ১ | মহামান্য হাই কোর্টে রীট পিটিশন প্রক্রিয়াধীন থাকায় ০১টি পেনশন কেশ অনিষ্পন্ন রয়েছে। |
| মোট | ০ | ১ | ৩ | ২১ | ২১ | ৪২ | ২২ | ২০ | |

**আলোচ্যসূচি-১৮ প্রশিক্ষণ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় পেনশন কেস নিষ্পত্তির হারে সন্তোষ প্রকাশ করা হয়। ১ বছরের বেশি পেন্ডিং থাকা পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | দপ্তর/সংস্থা/কোম্পানি পেন্ডিং পেনশন কেসসমূহদ্রুত নিষ্পত্তি করবে। | দপ্তর/ সংস্থা/ কোম্পানি। |
| (ক) মে/২০১৫ মাসে প্রশিক্ষণ প্রদান বাস্তবায়ন অগ্রগতি পাওয়া গিয়েছে। সভাপতি কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করে বলেন, প্রশিক্ষণের ফলে কর্মদক্ষতা বৃদ্ধি পায়। তাই প্রমাপ অনুসারে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সভায় সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে ২০১৫-১৬ অর্থ বছরে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রস্তুতকৃত ৭০ জনঘন্টা প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করার জন্য নির্দেশনা দেয়া হয়।<br>(খ) উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে টার্ন-কি, ইপিসি, কন্ট্রাক্ট ডকুমেন্ট, কনসেশন এগ্রিমেন্ট ও আইপিপি-এর ডকুমেন্ট, MoUপ্রস্তুত প্রভৃতি বিষয়ে দক্ষ লোকের অভাব রয়েছে। এ সব | (ক) দপ্তর/সংস্থা/কোম্পানিকে ২০১৫-১৬ অর্থ বছরে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রস্তুতকৃত ৭০ জনঘন্টা প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।<br>(খ)উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে টার্ন-কি, ইপিসি, কন্ট্রাক্টডকুমেন্ট, কনসেশন এগ্রিমেন্ট ও আইপিপি ডকুমেন্ট, MoUপ্রস্তুতপ্রভৃতিবিষয়েএকটিট্রেনিংমডিউ লতৈরি | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি, বিদ্যুৎ বিভাগ। |

| | | |
|---|---|---|
| বিষয়ে একটি ট্রেনিং মডিউল তৈরী করে কর্মকর্তাদের প্রশিক্ষণের উদ্যোগ নেয়ার জন্য পরামর্শ প্রদান করেন। সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সহযোগিতায় বিউবোকে এ প্রশিক্ষণ আয়োজনের জন্য গত সভায় নির্দেশনা প্রদান করা হয়। আগামী সভার পূর্বেই এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন প্রেরণের জন্য বিউবোকে নির্দেশনা প্রদান করা হয়। | করেকর্মকর্তাদেরপ্রশিক্ষণেরব্যবস্থাগ্রহণকর তেহবে।সকলদপ্তর/সংস্থা/কোম্পানিরসহযোগিতায়বিউবোএপ্রশিক্ষণেরআয়োজনকরবে। আগামী সভায় এ বিষয়ে অগ্রগতি জানাতে হবে। | |

প্রশিক্ষণ প্রদান বাস্তবায়ন অগ্রগতিঃ (মে/২০১৫)

| প্রতিষ্ঠানেরনাম | মোটকর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | জনপ্রতি ৬০ ঘন্টা হিসাবে মোট প্রশিক্ষণলক্ষ্যমাত্রা | বিবেচ্যমাসে অর্জিত লক্ষ্যমাত্রা (জনঘন্টা) | বিবেচ্যমাস পর্যন্ত অর্জিত লক্ষ্যমাত্রা (জনঘন্টা) | অবশিষ্টপ্রদেয় প্রশিক্ষণকাল (জনঘন্টা) | অর্জন (%) | অর্জন (জনপ্রতি জনঘন্টা) |
|---|---|---|---|---|---|---|---|
| বৈদ্যুতিক উপদেষ্টার দপ্তর | ২১ | ১৩২০ | ৬০ | ১২৬০ | ৬০ | ৯৫ | ৬০ |
| বিউবো | ১৮৪৪৮ | ১১০৬৮৮০ | ১৩৩৬৪৪ | ১০১৩০৫৭ | ৯৩৮২৩ | ৯২ | ৫৫ |
| বাপবিবো | ১৭১৩৩ | ১০২৭৯৮০ | ৬৪৮৯৪ | ১১৭৮৪৮৯ | ০ | ১১৫ | |
| ডেসকো | ১৫০০ | ৯০০০০ | ১০২৪৫ | ৯২৩৪৪ | ২৩৪৪ | ১০৩ | ৬২ |
| ডিপিডিসি | ৩৫১৩ | ২১০৭৮০ | ২৭৩৬০ | ২১৬১৩৪ | -৫৩৫৪ | ১০৩ | ৬২ |
| ইজিসিবি | ২৮৯ | ১৬৫৪০ | ১৭৭ | ২৫৮৬৮ | ০ | ১৫৬ | ৯০ |
| আরপিসিএল | ২৬৫ | ১৫৯০০ | ১০৩৪ | ১৭০৬১ | ০ | ১০৭ | ৬৪ |
| নওপাজেকো | ২৫০ | ১৫০০০ | ১২৯০ | ২৩১১৬ | ০ | ১৫৪ | ৯২ |
| এপিএসসিএল | ৬২১ | ৩৭২৬০ | ৪৯২৬ | ৪৫৪৮১ | ০ | ১২২ | ৭৩ |
| ওজোপাডিকো | ২৩৪১ | ১৪০৪৬০ | ১৫২৩৪ | ১৪৫৩১৬ | ০ | ১০৩ | ৬২ |
| পিজিসিবি | ২৪০১ | ১৪৪০৬০ | ১৭৭১২ | ১৩৫৪৩৬ | ৮৬২৪ | ৯৪ | ৫৬ |
| কোল পাওয়ার জেঃ কোঃ | ১৫ | ৯০০ | ০ | ৯৯৬ | ০ | ১১১ | ৬৬ |
| মোট | ৪৬৭৯৭ | ২৮০৭০৮০ | ২৭৬৫৭৬ | ২৮৯৪৫৫৮ | ৯৯৪৯৭ | ১০৩ | |

## আলোচ্যসূচি-১৯ আইসিটি বিষয়ক

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে UnifiedPMISপ্রবর্তন করার বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ডিপিডিসি এর ডেভেলপকৃত PMIS সফটওয়ারটি বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির জন্য কাস্টমাইজ করে Unified PMISহিসেবে ব্যবহার করার নিমিত্ত ডেভেলপ করা হচ্ছে। ডিপিডিসি হতে সভায় জানানো হয় যে, PMIS সফটওয়্যারটি সম্পূর্ণভাবে প্রস্তত হয়নি, এ জন্য আরও কিছু সময় প্রয়োজন হবে। দ্রুত PMIS সফটওয়্যারটি প্রস্তুতের কাজ সমাপ্ত করার জন্য ডিপিডিসিকে নির্দেশনা দেয়া হয়। এ বিষয়ে আগামী সভার পূর্বে একটি অগ্রগতির প্রতিবেদন প্রেরণের জন্য ডিপিডিসি এর সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা দেয়া হয়। | ডিপিডিসি PMISসফটওয়্যার দ্রুত প্রস্তুত করবে। বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির জন্য কাস্টমাইজ করে ডিপিডিসি’র PMIS সফটওয়্যারটি Unified PMISহিসেবেডেভেলপ করার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। আগামী সভার পূর্বে অগ্রগতির প্রতিবেদন দিতে হবে। | ব্যবস্থাপনাপরিচালক, ডিপিডিসি ও প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ। |

## আলোচ্যসূচি-২০ শূন্যপদ

দপ্তর/সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত শুন্য পদের তথ্যঃ (মে/২০১৫)

| দপ্তর/সংস্থা/কোম্পানি | অনুমোদিতপদ | বিবেচ্য মাসের আগের মাস পর্যন্তপূরণকৃতপদ | বিবেচ্য মাসে শূন্যপদ | বিবেচ্য মাসে পূরণকৃতপদ | অবশিষ্ট শূন্যপদ |
|---|---|---|---|---|---|
| বৈদ্যুতিক উপদেষ্টার দপ্তর | ৩৩ | ২১ | ১২ | ০ | ০ |
| বিউবো | ২০৬৪৩ | ১৭৮৯৪ | ০ | ১২ | ২৭৪৯ |
| বাপবিবো | ১২১৯ | ১০০৯ | ২১০ | ১ | ২০৯ |
| ডেসকো | ১৬৮০ | ১৫০০ | ১৮০ | ১ | ১৮০ |
| ডিপিডিসি | ৫৭৩১ | ৫২৭১ | ৪৬০ | ০ | ৪৬০ |
| ইজিসিবি | ৫৫৫ | ৩২৪ | ২৩১ | ০ | ২৩১ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আরপিসিএল | ৩৫৯ | ২৬২ | ৯৭ | ৩ | ৯৪ |
| নওপাজেকো | ৫৪০ | ৪০৪ | ১২৪ | ৩ | ১২১ |
| এপিএসসিএল | ৭৮৪ | ৬২১ | ১৬৩ | ১ | ১৬৩ |
| ওজোপাডিকো | ২৬৯৮ | ২৩৩৩ | ৮ | ৩৫ | ৩৭৩ |
| পিজিসিবি | ৩১৩০ | ২৩৬৬ | ৭৪৯ | ১৫ | ৭৫৪ |
| মোট | ৩৭৩৭২ | ৩২০০৫ | ২২৩৪ | ৭১ | ৫৩৩৪ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| দপ্তর/সংস্থা/কোম্পানির শূন্য পদ পুরণের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্নের নির্দেশনা প্রদান করা হয়। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানির শূন্যপদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্নকরণের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করতঃ বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। শূন্যপদ পূরণের শ্রেণীভিত্তিক তথ্য ছকে এ বিভাগে প্রেরণ করতে হবে। | দপ্তর/ সংস্থা/ কোম্পানি। |

**আলোচ্যসূচি-২১ বিবিধ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক)যে সকল সংস্থা/ কোম্পানির Vendors Agreement/MOUস্বাক্ষরিত হয়েছে এবং যে সকল সংস্থা/কোম্পানির Vendors Agreement/MOU স্বাক্ষরিত হয়নি তার তালিকাসহ তথ্য বিউবো বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হতে এ বিষয়ে কোন উদ্যোগ না নেয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব এ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থা ও কোম্পানিসমূহকে নিয়ে সভা করে এ বিষয়ে কোন সমস্যা থাকলে তা' নিষ্পত্তি করে দ্রুত Vendors Agreement/MOUস্বাক্ষরের ব্যবস্থা করবেন।<br>(খ) আশুগঞ্জ পাওয়ার স্টেশনে পিজিসিবি দ্রুত ১৩২ কেভি সাব-স্টেশন নির্মাণ কাজ চলমান রয়েছে। এ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য পিজিসিবিকে নির্দেশনা প্রদান করা হয়। | (ক)যে সকল সংস্থা/ কোম্পানির Vendors Agreement/MOUস্বাক্ষরিত হয়েছে এবং যে সকল সংস্থা/কোম্পানির Vendors Agreement/MOU স্বাক্ষরিত হয়নি তার তালিকাসহ তথ্য বিউবো বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব এ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থা ও কোম্পানিসমূহকে নিয়ে সভা করে এ বিষয়ে কোন সমস্যা থাকলে তা' নিষ্পত্তি করে দ্রুত Vendors Agreement/ MOUস্বাক্ষরের ব্যবস্থা করবেন।<br>(খ) আশুগঞ্জ পাওয়ার স্টেশনে পিজিসিবি দ্রুত ১৩২ কেভি সাব-স্টেশন নির্মাণ কাজ সম্পন্ন করবে। | বিউবো এবং পিজিসিবি |

অতঃপর, আর কোন আলোচনা না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-২৩-০৬-২০১৫
(ড. আহমদ কায়কাউস)
অতিরিক্ত সচিব
(সচিবের দায়িত্বে)